



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
হোমনা, কুমিল্লা

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

www.dwa.homna.comilla.gov.bd


### উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির জুন/২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	ক্ষেমালিকা চাকমা উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৬-০৬-২০২৪
সভার সময়	১২:৩০
স্থান	উপজেলা পরিষদ মিলনায়তন, হোমনা, কুমিল্লা।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”। সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	০২	০৩	০৪
০১.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সকলের অবগতির জন্য জানান যে, বাল্যবিবাহ নিরোধ একটি সমন্বিত কার্যক্রম। বাল্যবিবাহ বন্ধ করতে হলে সমাজের প্রতিটি স্তরের সকল মানুষকে নিয়ে একটি সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। ২০১৭ সালের বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ছাড়াও উপজেলা নির্বাহী মেজিস্ট্রেট, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা স্থানীয় সরকারের প্রতিনিধি যে কোনো ব্যক্তি বাল্যবিবাহ বন্ধ করার ক্ষমতা রাখেন। প্রতিটি ইউনিয়নে বাল্যবিবাহ বন্ধ করার জন্য ইউনিয়ন পরিষদ এবং উপজেলা প্রশাসন সার্বক্ষণিক তৎপর থাকেন। অত্র কার্যালয়ে এ মাসে ০২টি বাল্যবিবাহের অভিযোগ পাওয়া যায়, যার প্রেক্ষিতে ঘাগুটিয়া ইউনিয়নে ০১টি এবং চান্দেদরচর ইউনিয়নে ০১টি বাল্যবিবাহ বন্ধ করা হয় এবং উভয় পক্ষ হতে বাল্যবিবাহ না দেয়ার অঙ্গীকারনামা রাখা হয়েছে। এছাড়াও তিনি আরও বলেন যে, বাল্যবিবাহের হার হ্রাস করার জন্য মাথাভাঙ্গা ও ঘাগুটিয়া ইউনিয়নে ০২ টি সচেতনতা বৃদ্ধিমূলক সভা করা হয়েছে।	০১। বাল্যবিবাহ নিরোধ আইন সম্পর্কে জনগণকে জানানোর জন্য সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম আরও জোরদার করতে হবে।	০১। উপজেলা নির্বাহী অফিসার ০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ০৩। চেয়ারম্যান (সকল)
০২.	নিলম্বী ইউনিয়নের চেয়ারম্যান সভাকে এই মর্মে অবহিত করেন যে, বাল্যবিবাহ বন্ধে ইউনিয়ন পরিষদের সদস্যগণকে নিয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সভা আয়োজন করে থাকেন এবং বাল্যবিবাহ বন্ধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে থাকেন। তবে কোর্ট-ম্যারিজের নামে বিয়ে পড়ানোর বিষয়টি নিয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণের অনুরোধ জানান।	০১। জেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির সভায় বিষয়টি সম্পর্কে সভাপতি আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
০৩.	উপজেলা প্রেস ক্লাবের সভাপতি জনাব মোর্শেদুল ইসলাম সাজু সভাকে জানান যে, বাল্যবিবাহ বন্ধে যদি শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে সচেতনতা সচেতনতা বৃদ্ধিমূলক সভার আয়োজন করা যায় তাহলে বাল্যবিবাহের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সকলে অবগত থাকবে।	০১। শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে সচেতনতা বৃদ্ধিমূলক সভা আয়োজন করা হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

সভাপতি বলেন, সকল ইউনিয়নে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম আরও জোরদার করতে হবে। তিনি আরও বলেন যে, কোর্ট ম্যারিজের মাধ্যমে বিবাহের আইনগত কোন ভিত্তি নেই। এই কারণ দেখিয়ে যতি কোন বিবাহ সংঘটিত হয় তার প্রমাণ পত্রসহ আইনের আওতায় নিয়ে আসার জন্য সংশ্লিষ্ট

সকলকে অনুরোধ জানান। তাছাড়া তিনি চেয়ারম্যানদের যে কোনো সভায় বাল্যবিবাহ ও যৌতুককে নিরুৎসাহিত করার বিষয়ে আলোচনা করার পরামর্শ প্রদান করেন।



০৩-০৭-২০২৪  
ক্ষেমালিকা চাকমা  
উপজেলা নির্বাহী অফিসার

নম্বর: ৩২.০১.১৯৫৪.০০০.০৬.০০৮.২৪.১৩৫

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
০৩ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অডিটর, কুমিল্লা এবং
- ২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), হোমনা, কুমিল্লা।।



০৩-০৭-২০২৪  
তানজুমা পারভীন লুনা  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা